জয়পুরহাটে সাধারণ শিক্ষার্থীদের বিক্ষো, সড়ক অবরোধ

জয়পুরহাট – সরকারি চাকরিতে কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে সহিংসতার ঘটনায় নিহতদের হত্যার বিচারসহ ৯ দফা দাবিতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পূর্ব ঘোষিত কর্মসূচি বাস্তবায়নে জয়পুরহাটে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন সাধারণ শিক্ষার্থীরা।

শনিবার (৩ আগষ্ট) সকালে শহরের নতুনহাট এলাকা থেকে মিছিল শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিন শেষে শহরের জিরো পয়েন্ট পাচুরমোড়ে ৪ ঘন্টা সড়ক অবরোধ করে শিক্ষার্থীরা । পরে সেখানে সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য দেন তারা ।

এদিকে শিক্ষার্থীদের আন্দোলন শুরুর পর থেকে আশপাশের দোকানপাট বন্ধ করে দেন ব্যবসায়ীরা। সড়কে যানবাহন চলাচল বন্ধ হয়ে গেছে। অনেক যানবাহন উল্টো পথে ফিরে গেছে।



শিক্ষার্থীরা বলেন, আমরা আমাদের ভাইদের হত্যার বিচার চাই। আমাদেরকে রাজাকার বলা হয়েছে। এমন দুঃসাহস রুখে দিয়ে আমরা তাদের দেখাতে চাই ছাত্রসমাজ জাগলে সব উল্টে যায়। এই সরকারের ক্ষমতায় থাকা অবস্থায় কেন এত প্রাণহানী হল সে জন্য অবশ্যই এ হত্যাগুলো দায় সম্পন্ন সরকারকেই নিতে হবে এবং তা স্বীকার করে সরকারকে পদত্যাগ করতে হবে।